Times Today BD

ডেস্ক রিপোর্ট | বাংলাদেশ | 29 March, 2025

বকেয়া বেতন, ঈদ বোনাস ও ছুটিসহ বিভিন্ন দাবিতে আজ শনিবারও রাজধানীর শ্রম ভবনের সামনে বিক্ষোভ করছেন পোশাকশ্রমিকরা।

আজ বিকেল ৪টার মধ্যে দাবি-দাওয়া মেনে নেওয়ার জন্য সরকারকে আল্টিমেটাম দিয়েছেন তারা, অন্যথায় বৃহত্তর আন্দোলনের ঘোষণা দিয়েছেন শ্রমিকরা।

ঘটনাস্থল থেকে দ্য ডেইলি স্টারের আলোকচিত্রী জানান, শ্রম ভবনের সামনে বর্তমানে ৩০০ শতাধিক শ্রমিক অবস্থান করছেন। তাদের বেশিরভাগই নারী। অনেকেই কান্না করছিলেন।

বেতন-বোনাসের দাবিতে গত কয়েকদিন ধরেই শ্রম ভবনে অবস্থান করে বিক্ষোভ করছেন তারা।

শ্রম উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) এম সাখাওয়াত হোসেনের বক্তব্য প্রত্যাখ্যান করে তিন মাসের বকেয়া বেতন ও ঈদ বোনাস পরিশোধের দাবিতে গতকাল বিকেলেও বাসন হাতে ভুখা মিছিল করেছেন শ্রমিকরা।

আজ শ্রমিকরা জানান, বেতন-বোনাস না নিয়ে তারা বাড়ি ফিরে যাবেন না।প্রয়োজনে শ্রম ভবনেই ঈদ করবেন।

নাম প্রকাশে অনিচ্ছুক এক শ্রমিক বলেন, 'বাড়িতে ছেলে-মেয়েরা না খেয়ে আছে।বেতন ছাড়া বাড়ি গেলে ওদের সামনে মুখ দেখাব কেমন করে!'

বকেয়া বেতন ঈদ বোনাস পোশাকশ্রমিক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 08:13

URL: https://timestodaybd.com/bangladesh/775807164